*Progetto cofinanziato da*

UNIONE EUROPEA

Ministero della Salute

INMP NIHMP

MINISTERO DELL'INTERNO

Fondo Europeo per l'Integrazione dei Cittadini dei Paesi Terzi

# LA SALUTE VIENE DA te



Informazione pre-partenza ai cittadini dei Paesi Terzi sulle modalità d'accesso al Servizio Sanitario Nazionale

## আপনার সুস্বাস্থ্যের জন্য

## ইউরোপীয়ান কমিউনিটির বাহিরের নাগরিকদের জন্য জাতীয় স্বাস্থ্য পরিষেবা গাইড

www.inmp.it

# সূচী


**সংজ্ঞা বা ডেফিনেশন** ........ **2**

**সাধারণ তথ্যাবলী** ........ **3**

**SSN -এ বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণ** ........ **4**

**SSN -এ স্বেচ্ছায় স্বাস্থ্য-বীমার রেজিস্ট্রেশন করা** ........ **6**

**যেভাবে রেজিস্ট্রেশন করতে হয়** ........ **8**

**টিকেট প্রদান করা থেকে মউকুফ (Esenzione) পাওয়া** ........ **9**

**SSN এর সার্ভিসসমূহ** ........ **10**

- ফ্যামিলি ডাক্তার এবং শিশুর ডাক্তার ........ *10*
- ধারাবাহিক চিকিৎসা সার্ভিস বা ........ *10*
- পরিবার পরিকল্পনা কেন্দ্র বা *(Il consultorio familiare)* ........ *11*
- টিকা বা *(Le vaccinazioni )* ........ *12*
- ঔষধপত্র বা *(I medicinali )* ........ *12*
- বিশেষজ্ঞ ডাক্তারের ভিজিট, ল্যাবরেটরি এবং যান্ত্রিক পরীক্ষা ........ *12*
- হাসপাতালে ভর্তি ........ *13*
- অ্যাম্বুলেন্স ডাকার জন্য নাম্বার ১১৮ *(Il numero 118 )* ........ *14*
- ইম্যারজেন্সি বিভাগ বা *Il pronto soccorso* ........ *14*

# সংজ্ঞা বা ডেফিনেশন

**SSN** (servizio sanitario nazionale): ন্যাশনাল হেলথ সার্ভিস একটি জাতীয় পর্যায়ের নেটওয়ার্ক যা স্বাস্থ্য পরিষেবা বা চিকিৎসা পাওয়ার জন্য রেজিস্ট্রিকৃত ব্যক্তির জন্য বিনামুল্যে অথবা আংশিক টাকা পরিশোধের (Ticket পরিশোধের) মাধ্যমে স্বাস্থ্য পরিষেবার বিভিন্ন সার্ভিস নিশ্চিত করে থাকে।

**ASL** (azienda sanitaria locale): স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ বা ASL হচ্ছে একটি প্রতিষ্ঠান,যা স্থানীয় পর্যায়ে স্বাস্থ্য সেবা বা চিকিৎসা ব্যাবস্থা পরিচালনা করে থাকে। SSN-এ রেজিস্ট্রেশন এবং স্থানীয় সার্ভিস সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য, আপনার প্রকৃত বাসস্থান যেখানে (পেরমেছছো দি সোজোরনোতে দেখানো ঠিকানা) সেখানকার ASL-এ যোগাযোগ করবেন।

**Ticket (টিকেট)**: সরকারি স্বাস্থ্য সেবা কেন্দ্রে কোন কোন চিকিৎসা গ্রহণের পূর্বে, আপনাকে চিকিৎসার জন্য সম্পূর্ণ ফি না দিয়ে একটি আংশিক ফি টিকেট হিসাবে প্রদান করতে হবে। এই টিকেটের টাকা জমা দেয়ার জন্য আপনাকে, ডাক্তারের প্রেসক্রিপশন সহ যে স্বাস্থ্য কেন্দ্র বা হাসপাতালে ডাক্তারের ভিসিট বা পরীক্ষা করাবেন সেখানকার কাউন্টারে যেতে হবে।

# সাধারণ তথ্যাবলী

ইতালিয়ান আইনে, স্বাস্থ্য সকলের জন্যই একটি মৌলিক অধিকার এবং এই কারনেই এখানে উপস্থিত সকল ব্যাক্তিই ভিন্ন ভিন্ন পদ্ধতিতে হলেও তার নিজ সেবা এবং চিকিত্সা পাওয়ার অধিকার রাখে।

**এটা জানা গুরুত্বপূর্ণ যে,যদি ইতালিতে তিন মাসের বেশি অবস্থান করেন, তাহলে আপনার স্বাস্থ্য বীমা থাকা আবশ্যক, যা আপনি জাতীয় স্বাস্থ্য পরিষেবা(SSN)এ রেজিস্ট্রেশন বা তালিকাভুক্তি করনের মাধ্যমে গ্রহণ করতে পারবেন।**

আপনার স্বাস্থ্য বীমা কি ধরনের হবে তা নির্ভর করে, আপনার পারমিট বা অবস্থানের কারণের উপর: **বাধ্যতামূলক** (বিনামূল্যে) বা **স্বেচ্ছামূলক** যা (প্রাইভেট বীমার বিকল্প হিসাবে, বাৎসরিক হারে একটি নির্ধারিত কোটার অর্থ পরিশোধের মাধ্যমে করা যায়)।

অন্যদিকে আপনি যদি ইতালিতে **তিন মাসের কম সময়** (পর্যটন বা ট্যুরিস্ট ভিসা, দর্শন, ব্যবসা, ইত্যাদি কারনে..) অবস্থান করেন বা **চিকিৎসার জন্য ভিসা** নিয়ে প্রবেশ করেন,তাহলে আপনাকে চিকিৎসার সম্পূর্ণ খরচ পরিশোধ করতে হবে এই ক্ষেত্রে আপনি SSN তথা পরিষেবায় বাধ্যতামূলক কিংবা স্বেচ্ছামূলক কোনটিরই রেজিস্ট্রিকরণের জন্য আবেদন করতে পারবেন না।

**সতর্কবাণী:** যদি আপনি একজন ছাত্র বা সমাবস্থার কর্মী হয়ে থাকেন, তাহলে তিন মাসের কম সময়ের জন্য অবস্থান করলেও স্বেচ্ছায় রেজিস্ট্রিকরণের জন্য আবেদন করতে পারেন।

ইতালিতে প্রথমবারের মত প্রবেশ করার পর যদি আপনি, এক বছরের অধিক সময়ের জন্য পেরমেচ্ছো দি সোজোরনো তথা আবাসিক পারমিটের জন্য আবেদন করেন, তাহলে আপনাকে রাষ্ট্রের সঙ্গে একটি ইন্টিগ্রেশন চুক্তি সাইন করতে হবে, যা Sportello unico per l'immigrazione পরিচালনা করে থাকে। দুই বছরের জন্য স্থায়ী এই চুক্তিটি ক্রেডিট সিস্টেমে কাজ করে।

ন্যাশনাল হেল্থ সার্ভিসে রেজিস্ট্রেশন এবং আপনার পারিবারিক ডাক্তার নির্ধারণের মাধ্যমে,আপনি ৪টি ক্রেডিট অর্জন করবেন।

এই বিবরণপত্রে মধ্যে উল্লেখিত তথ্য সমূহ, সাধারণত সমগ্র ইতালী তথা এর ২১টি অঞ্চলেই বৈধ। তবে এই অঞ্চলগুলি স্বাস্থ্য সুরক্ষাকরন এবং এর নিয়ন্ত্রণের ব্যপারে তার নিজ নিজ কর্তৃপক্ষের উপর নির্ভরশীল বিধায়, এমনও হতে পারে যে, এক অঞ্চলের জন্য যেটা প্রযোজ্য অন্য অঞ্চলের জন্য সেটা প্রযোজ্য না এবং এই কারণে রাস্ট্র ২০১২ সালে একটি চুক্তি "বিদেশি নাগরিকদের স্বাস্থ্য সেবা বা চিকিৎসা বিষয়ক আইনের সঠিক প্রয়োগের ক্ষেত্রে ইতালির সকল অঞ্চল ও স্বশাসিত প্রদেশসমূহের জন্য একটি নির্দেশাবলী" স্বাক্ষর করে। এটা নতুন কোন আইন না, এটা একটি চুক্তি যার মাধ্যমে বিভিন্ন অঞ্চলে বসবাসকারী বিদেশী নাগরিকদের মধ্যে চিকিৎসা পরিষেবায় প্রবেশাধিকারের বৈষম্যতা অতিক্রম করার চেষ্টা করা হয়।

# SSN -এ বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণ

শুধুমাত্র নির্দিষ্ট কিছু শ্রেণীর ব্যক্তির জন্য ন্যাশনাল হেল্থ সার্ভিসে (SSN) বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণের অধিকার সংরক্ষিত। মূলত যে যে কারণগুলি বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণের অধিকার প্রদান করা হয় :

- স্ব নিযুক্তি কর্মে নিয়োজিত (কোন নিয়োগকর্তা ছাড়া), অধিনস্ত কর্মচারী (কোন নিয়োগকর্তা কর্তৃক নিযুক্ত) এবং মৌসুমী কাজের কর্মচারী হলে ;
- কর্মসংস্থান সেন্টার বা Centri per l'impiego-তে তালিকাভুক্ত ব্যাক্তি যিনি কর্মসংস্থানের জন্য অপেক্ষা করছেন । এই কর্মসংস্থান সেন্টারটি একটি পাবলিক প্রতিষ্ঠান যা কর্ম যোগান ও শ্রমিক চাহিদা পূরণের ব্যবস্থাপনায় নিয়জিত ;
- অনিয়মিত কাজ থেকে উদ্ভূত "এমেরছিয়নে" এর আবেদনকারী হলে ;
- পারিবারিক পুনর্মিলন (Ricongiungimento familiare) এবং পারিবারিক কারনে (তবে ২০০৮ সালের ৫ই নভেম্বরের পরে আগন্তক ৬৫ বছরের অধিক বয়সী পিতা-মাতার জন্য এটি প্রযোজ্য নয়) ;
- আন্তর্জাতিক প্রোটেকশন এবং এসাইলেমের জন্য আবেদনকারী ;
- নাবালক যারা (১৮বছরের কম বয়সী ছেলে-মেয়ে) তারা পেরমেছছো দি সোজোরনোর অধিকারী হোক বা না হোক (অঞ্চল বিশেষে কিছু কিছু পার্থক্য দেখা যায়) ;
- গর্ভবতী মহিলার চিকিৎসা এবং সন্তান জন্মের পরবর্তী ছয় মাস ;
- পেরমেছছো দি সোজোরনোর কারণ নির্বিশেষে, যে কোন রেগুলার কাজ পরিচালনা করলে।

বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণের জন্য কোন ফি দিতে না হলেও তা আপনাকে একজন ইতালীয়ান নাগরিকের মতই, স্বাস্থ্য পরিষেবা বা চিকিত্সা ব্যবস্থা গ্রহণ করার সুযোগ দেয়, এমন কি এর জন্য টিকেট প্রদান করার ক্ষেত্রেও আপনাকে সমতুল্য অধিকার ও দায়িত্ব প্রদান করে।



এই রেজিস্ট্রিকরণটি, রেগুলারভাবে এখানে অবস্থানরত আপনার উপর নির্ভরশীল, পরিবারের অন্যান্য সদস্যদের জন্যও করতে পারেন।



যদি আমি এমন একটি পেরমেছছো দি সোজোরনোর আধিকারী হই, যা আমাকে বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণের অধিকার দিবে, এর জন্য আমাকে ASL-এ কি কি ডকুমেন্টস জমা দিতে হবে ?

বেশীরভাগ পেরমেছছো দি সোজোরনো (কাজ, পারিবারিক কারণে, ইত্যাদি...) কারণে, ASL বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসগুলি নিম্নে উল্লেখ করা হল :

- পেরমেছছো দি সোজোরনো বা তার জন্য আবেদনের রসিদ বা নবায়নের রসিদ ;
- পরিচয়পত্র ;
- ট্যাক্স কোড বা কদিচে ফিস্কালে ;
- রেসিডেন্স বা প্রকৃত বাসস্থানের প্রত্যায়নমূলক কাগজ বা এ সম্পর্কিত বিবৃতিপত্র।

**এই প্রথম পেরমেছছো দি সোজোরনোর জন্য আবেদন করেছি যা আমাকে বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণের আধিকার দিবে, সোজোরনো হাতে পাওয়ার আপেক্ষায় আছি, এর চেদোলিনো দিয়ে SSN- তে রেজিস্ট্রিকরণ করতে পারবো ?**

হ্যা, এক্ষেত্রে আপনাকে প্রয়োজনীয় অন্যান্য ডকুমেন্টসের সাথে, পেরমেছছো দি সোজোরনোর জন্য আবেদনকৃত রিসিট (উদাহরনস্বরুপ Sportello unico per l'immigrazione থেকে দেয়া রিসিট এবং Nulla osta) ASL-এ নিয়ে যেতে হবে।

**আমি যে পেরমেছছো দি সোজোরনো পাবো, তা দিয়ে বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণের আধিকার না থাকলে, যদি আমি ইতালিতে কোন রেগুলার কাজ করি তাহলে কি ন্যাশনাল হেল্থ সার্ভিস বা SSN- তে রেজিস্ট্রিকরণ করতে পারবো ?**

হ্যা, যাদের রেগুলার কাজের কন্ট্রাক্ট আছে তারা সকলেই বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণের আধিকার রাখে। এর জন্য অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্টস ছাড়াও আপনার কার্যক্রম সম্পর্কিত বিভিন্ন (কাজের কন্ট্রাক্ট, ভ্যাট নাম্বার তথা Partita IVA, ইত্যাদি...) ডকুমেন্ট প্রত্যায়ন করতে হবে।

# SSN -এ স্বেচ্ছায় স্বাস্থ্য-বীমার রেজিস্ট্রেশন করা

তিন মাসের অধিক অবস্থান করা স্বত্তেও বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণ করা সম্ভব না হলে, আপনাকে রোগ এবং দুর্ঘটনার ঝুঁকির বিরুদ্ধে একটি প্রাইভেট বীমা বা ন্যাশনাল হেল্থ সার্ভিসে (SSN) বাৎসরিক হারে একটি নির্ধারিত কোটার অর্থ পরিশোধের মাধ্যমে স্বেচ্ছামূলক স্বাস্থ্য বীমার করতে হবে (যা বেশীরভাগ ক্ষেত্রেই পেমেন্ট সুবিধা এবং পরবর্তীতে সে টাকা ফেরত পাবার সুযোগ প্রদান করে)। প্রধানত নিম্নে উল্লেখিত শ্রেণীর লোকেরা এই স্বেচ্ছামূলক স্বাস্থ্য বীমার করতে পারবেন :

- ছাত্র-ছাত্রী ও সমাবস্থার কর্মী তথা Persone collocate alla pari, (তিন মাসের চেয়ে কম সময়ের জন্য হলেও) ;
- পারিবারিক পুনর্মিলন তথা Ricongiungi-mento familiare তে, ২০০৮ সালের ৫ই নভেম্বরের পরে আগমনকারী ৬৫ বছরের ঊর্ধ্ব বয়সী পিতা-মাতা ;
- সাধারণত : তিন মাসের ঊর্ধ্ব মেয়াদী পেরমেছছো দি সোজোরনো বা আবাসিক পারমিট থাকা সত্বেও যারা বাধ্যতামূলক রেজিস্ট্রিকরণ থেকে বঞ্চিত।

সমাবস্থার কর্মী হচ্ছে এমন একজন তরুণ বা তরুণী, যাকে কোন পরিবার একটি নির্দিষ্ট সময়ের জন্য থাকা-খাওয়ার সুযোগ সুবিধা সহ তাদের সাথে বসবাস করতে স্বাগত জানায় এবং বিনিময়ে তরুণ সে পরিবারের কিছু কিছু গৃহকর্মে সহযোগিতা করে থাকে।

স্বেচ্ছামূলক স্বাস্থ্য-বীমা করার জন্য আপনাকে বাৎসরিক ৩৮৭,৩৪ পরিশোধ করতে হবে। যা আপনাকে, বাধ্যতামূলক রেজিস্ট্রিকৃত যে কোন ইতালিয়ান বা বিদেশী নাগরিকের সমতুল্য অধিকার ও কর্তব্য প্রদান করবে।



এই ধরনের রেজিস্ট্রেশনটিও আপনার উপর নির্ভরশীল পরিবারের অন্যান্য সদস্যদের জন্যও প্রযোজ্য।



ছাত্র-ছাত্রী ও সমাবস্থার কর্মী তথা Persone collocate alla pari-র জন্য এই কোটা কমিয়ে (ছাত্র-ছাত্রীর জন্য ১৪৯,৭৭ এবং সমাবস্থার কর্মীর জন্য ২১৯,৪৯) করা হয়েছে।
তবে তাদের (ছাত্র-ছাত্রী ও সমাবস্থার কর্মী) উপর নির্ভরশীল পরিবারের অন্যান্য সদস্যদের জন্যও এই রেজিস্ট্রেশনটি প্রবৃদ্ধ বা চালু করতে হলে সম্পূর্ণ চাঁদা (৩৮৭,৩৪) পরিশোধ করতে হবে।

পেরমেছছো দি সোজোরনোর মেয়াদ যখনই শেষ হোক না কেন, ভলান্টারী বা স্বেচ্ছামূলক স্বাস্থ্য-বীমা রেজিস্ট্রেশনের মেয়াদ সব সময়, যে বছরে করা হয় সেই বছরের ৩১-এ ডিসেম্বর পর্যন্ত কার্যকর থাকে।

**SSN -এ স্বেচ্ছায় স্বাস্থ্য-বীমার রেজিস্ট্রেশনের জন্য ASL-এ কি কি ডকুমেন্টস নিয়ে যেতে হবে ?**

প্রয়োজনীয় ডকুমেন্টস :

- পেরমেছছো দি সোজোরনো বা তার আবেদনের রসিদ বা নবায়নের রসিদ ;
- পরিচয়পত্র ;
- ট্যাক্স কোড বা কদিচে ফিস্কালে ;
- বসবাসের বা প্রকৃত বাসস্থান সংক্রান্ত বিবৃতি ;
- স্বেচ্ছায় রেজিস্ট্রিকরণের জন্য, ফি পরিশোধের রসিদ (আপনার ASL-এ ফি প্রদানের পদ্ধতি জিজ্ঞাসা করুন)।

পড়াশুনার জন্য ভিসা নিয়ে ইতালিতে আসলে, চিকিৎসা বা স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার আছে ?

হ্যা, তিন মাসের কম অবস্থান করলেও আপনি SSN -এ স্বেচ্ছায় স্বাস্থ্য-বীমার রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবেন। এর জন্য ASL-এ যে ডকুমেন্টস নিয়ে যেতে হবে :

পেরমেছছো দি সোজোরনো বা তার আবেদনের রসিদ বা নবায়নের রসিদ অথবা তিন মাসের কম অবস্থান করার বিবৃতি পত্র।

- পরিচয়পত্র ;
- ট্যাক্স কোড বা কদিচে ফিস্কালে ;
- বসবাসের বা প্রকৃত বাসস্থান সংক্রান্ত বিবৃতি ;
- স্বেচ্ছায় রেজিস্ট্রিকরণের জন্য, ফি পরিশোধের রসিদ (১৪৯,৭৭ বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য এই রেজিস্ট্রেশন প্রবৃদ্ধ বা প্রসারিত করলে ৩৮৭,৩৪)।

মনে রাখবেন, আপনি যদি কোন রেগুলার কাজ করেন অথবা ন্যাশনাল হেল্থ সার্ভিসে (SSN) তালিকাভুক্ত হয়েছে এমন কোন পারিবারিক সদস্যের উপর নির্ভর করেন, তাহলে আপনি কোন অর্থ প্রদান ছাড়াই SSN -এতে তালিকাভুক্ত হওয়ার অধিকার পাবেন।

এই বছরের মার্চ মাসে স্বেচ্ছায় স্বাস্থ্য-বীমার রেজিস্ট্রেশন করলে সেটার মেয়াদ কি আগামী বছরের মার্চ মাস পর্যন্ত থাকবে ?

না, স্বেচ্ছামূলক স্বাস্থ্য-বীমার মেয়াদ সব সময় বৎসরের ৩১- শে ডিসেম্বরে শেষ হয়।

# যেভাবে রেজিস্ট্রেশন করতে হয়

ইতালিতে আসার পরে, ন্যাশনাল হেল্থ সার্ভিসে (SSN) যদি বাধ্যতামূলক বা স্বেচ্ছামূলক স্বাস্থ্য-বীমায় রেজিস্ট্রেশন করার অধিকার থাকে, তাহলে আপনাকে যা করতে হবে :

1 প্রয়োজনীয় ডকুমেন্টস নিয়ে আপনার এলাকার ASL-এ যাবেন ;

2 আপনাকে ডাক্তারের নামোল্লিখিত একটি তালিকা দেয়া হবে তার থেকে আপনার ফ্যামিলি ডাক্তার / অথবা আপনার সন্তানদের জন্য ১৪ বছর পর্যন্ত শিশুর ডাক্তার চয়েস করবেন ;

3 রেজিস্ট্রেশনের সময়, আপনাকে একটি কাগজের কার্ড দেয়া হবে তা যত্নসহকারে রাখবেন ;

4 রেজিস্ট্রেশন করার পরে, আপনার বাসায় একটি স্বাস্থ্যসেবা বা ম্যাডিকেল কার্ড পাঠানো হবে: ন্যাশনাল হেল্থ সার্ভিসের (SSN) আওতায় চিকিৎসা সেবা গ্রহনের জন্য এই ডকুমেন্টসটির প্রয়োজন ;




5 আপনার পেরমেছছো দি সোজোরনোর মেয়াদ এবং SSN -এর ম্যাডিকেল কার্ডের তারিখ বা মেয়াদ শেষ হবে: এটা নবায়নের জন্য, পেরমেছছো দি সোজোরনো নবায়নের আবেদন করেছেন প্রমান করে এমন ডকুমেন্টস নিয়ে আপনাকে ASL-এ যেতে হবে। একই তারিখে।

# টিকেট প্রদান করা থেকে মউকুফ (ESENZIONE) পাওয়া

কোন চিকিৎসা বিশেষজ্ঞের পরামর্শ বা চিকিৎসা গ্রহণের পূর্বে, যে স্বাস্থ্য কেন্দ্র বা হাসপাতালে যাবেন, সেখানকার কাউন্টারে একটি ফি, টিকেট হিসাবে পরিশোধ করতে হবে।

কোন কোন ক্ষেত্রে এই টিকেট পরিশোধের ব্যাপারটি মউকুফ (Esenzione) করা হয়ে থাকে, আপনি যদি নিম্নে লিখিত শ্রেণীর আওতায় পরেন, তাহলে আপনার আয়ের উপর নির্ভর করে টিকেট পরিশোধ করা থেকে বিরত থাকার জন্য আবেদন করতে পারেন :

- যদি আপনার পরিবারে ৬ বছরের কম বয়সী শিশু বা ৬৫ বছরের ঊর্ধ্ব বয়সী ব্যাক্তি থাকে এবং আপনার পূর্ববর্তী বছরের পারিবারিক আয় ৩৬,১৫১.৯৮ অতিক্রম না করে তাহলে ;
- সোশ্যাল পেনশনের অধিকারী অবসরপ্রাপ্ত ব্যাক্তি এবং তার উপর পরিবারের অন্য সদস্য নির্ভরশীল থাকলে ;
- বেকার বা সর্বনিম্ন পেনশনপ্রাপ্ত ৬০ বছরের ঊর্ধ্ব বয়সী অবসরপ্রাপ্ত ব্যাক্তি, যার ( উপর পরিবারের অন্য সদস্য নির্ভরশীল) পূর্ববর্তী বছরের সম্পূর্ণ পরিবারের আয় ৮.২৬৩,৩১ ও স্ত্রীর উপস্থিতিতে ১১.৩৬২,০৫-র ঊর্ধ্বে না যায় এবং সন্তানের উপস্থিতিতে এই সংখ্যার সাথে ব্যাক্তির উপর নির্ভরশীল প্রত্যেক সন্তানের জন্য আরও ৫১৬,৪৬ হিসাবে ধরা হয়ে থাকে।

এছাড়াও, টিকেট প্রদান করা থেকে মউকুফ (Esenzione) পেতে পারেন যদি ASL-দ্বারা প্রত্যয়িত হয়েছে এমন, বিশেষ কোন ক্রনিক বা বিরল রোগে ভুগেন অথবা ইনভেলিডিটি বা প্রতিবন্ধকতার স্বীকৃতিমূলক সার্টিফিকেটের অধিকারী হন।

টিকেট পরিশোধ করা থেকে মউকুফ (Esenzione) পেতে পারেন মনে করলে, বিস্তারিত জানার জন্য আপনার স্থানীয় ASL এ যগাযোগ করুন।

ন্যাশনাল হেল্থ সার্ভিসে (SSN) তালিকাভুক্ত সদস্যদের জন্য কিছু কিছু পরিষেবা, সর্বদা বিনামূল্যে করা হয়ে থাকে :

- প্রাথমিক পর্যায়ের কিছু স্বাস্থ্য পরিষেবামূলক কাজে, যেমন: পারিবারিক ডাক্তার, শিশু-ডাক্তার, পরিবার পরিকল্পনা কেন্দ্র, মাদকাসক্তি ও মানসিক অসুস্থতার জন্য কোন রিজার্ভেশন বা প্রেসক্রিপশনের প্রয়োজন হয় না ;
- জরুরি অবস্থায় ইমারজেন্সি বিভাগে চিকিৎসা প্রদান করা হলে ;
- গর্ভধারণের আগে অথবা গর্ভাবস্থায় বিশেষ কিছু চিকিৎসা প্রদান করা হলে ;
- স্বেচ্ছায় গর্ভপাত (এবোরসান) জনিত বিশেষ কিছু চিকিৎসা ;
- বিশেষ কিছু ক্যান্সার প্রাথমিক পর্যায়ে সনাক্তকরনের পরিষেবা: ৪৫ থেকে ৬৯ বছর বয়সের মহিলাদের জন্য প্রতি দুই বছর অন্তর ম্যামোগ্রাম পরীক্ষা, ২৫ থেকে ৬৫ বছর বয়সের মহিলাদের জন্য প্রতি তিন বছর অন্তর PAP-Test এবং ৪৫ বছরের ঊর্ধ্ব বয়সী মহিলাদের জন্য কোলনস্কপির (Colonoscopy) পরীক্ষা ;
- যৌথ প্রচারাভিযানের আওতায় সম্পন্নকৃত প্রতিরোধমূলক সেবা ;
- রক্তদান ও অন্যান্য অঙ্গ বা টিস্যু দান সম্পর্কিত সেবা ;
- HIV-র পরীক্ষা ;
- কারাবন্দী এবং আটক ব্যাক্তি কোন হাসপাতাল বা মানসিক হাসপাতালে অবস্থান করলে তার সেবা।

# SSN এর সার্ভিসসমূহ

আপনি ন্যাশনাল হেল্থ সার্ভিসে (SSN) রেজিস্ট্রেশন বা তালিকাভুক্ত হলে (বাধ্যতামূলক বা স্বেচ্ছামূলক) নিম্নের সার্ভিসগুলি বিনামূল্যে অথবা আংশিক টিকেট পরিশোধের মাধ্যমে গ্রহন করতে পারবেন।

## ফ্যামিলি ডাক্তার এবং শিশুর ডাক্তার

SSN এর সকল চিকিৎসা বা সেবার শুরুতে রয়েছেন, আপনার ফ্যামিলি ডাক্তার এবং শিশুর ডাক্তার, বিনামূল্যে তারা এই কার্যক্রম করে থাকেন :

- চেম্বারে রুগীর ভিজিট করা ;
- প্রয়োজনীয় ঔষধ, বিশেষজ্ঞের ভিজিট এবং পরীক্ষা-নিরীক্ষা করার জন্য প্রেসক্রিপশন বা "রিচেত্তা রোচ্ছা" লিখে দেওয়া ;
- হাসপাতালে ভর্তির জন্য প্রস্তাব করা ;
- অনুপস্থিতির পরে স্কুলে ফিরে যাওয়ার জন্য সার্টিফিকেট প্রদান ;
- স্কুলে (প্রতিযোগিতামূলক নয় এমন) ক্রীড়ামূলক কার্যক্রমে অংশগ্রহন করার জন্য সার্টিফিকেট প্রদান ;
- কর্মচারীকে অসুস্থতার জন্য সার্টিফিকেট প্রদান ;
- শারীরিক অবস্থার কারনে রোগী যদি ডাক্তারের চেম্বারে যেতে অক্ষম হয় তাহলে রুগীকে তার বাড়িতে যেয়ে পরিদর্শন করা।

আপনি যে কোনো সময় আপনার ফ্যামিলি ডাক্তার বা শিশুর ডাক্তার পরিবর্তন করতে পারবেন।

## ধারাবাহিক চিকিৎসা সার্ভিস বা

এই সার্ভিসটি বিনামূল্যে (সাধারণত রাত ৮.০০ থেকে সকাল ৮.০০ পর্যন্ত) রাতে সক্রিয় থাকে, সরকারি ছুটির দিনে (রবিবার এবং জাতীয় ছুটির দিনে) এবং ছুটির আগের দিন, ফ্যামিলি ডাক্তার বা শিশুর ডাক্তারের অনুপস্থিতিতে, জরুরী কোন স্বাস্থ্যসেবার বা (ডাক্তারের চেম্বার খোলা পর্যন্ত অপেক্ষায় করা যাবে না এমন হলে) চিকিৎসার প্রয়োজন হলে এই ডাক্তারের সাথে যোগাযোগ করতে হবে।

এই সার্ভিসের জন্য টেলিফোন করলে একজন ডাক্তার উত্তর দিবেন, যিনি :

- ফোনে পরামর্শ প্রদান করেন ;
- সম্ভব হলে, চেম্বারে অথবা বাড়িতে যেয়ে রুগীর ভিসিট করেন ;
- প্রয়োজনীয় ঔষধের জন্য প্রেসক্রিপশন প্রদান করেন ;
- প্রয়োজনে অসুস্থতার জন্য সার্টিফিকেট প্রদান এবং হাসপাতালে ভর্তির জন্য প্রস্তাব করেন।

**দৃষ্টি আকর্ষণ**

ধারাবাহিক চিকিৎসা সার্ভিসের টেলিফোন নম্বরটি শহর ভেদে পরিবর্তন হয়। এই সম্পর্কে জানতে চাইলে, আপনি যে এলাকায় আছেন সে এলাকার ASL এর সাথে কথা বলুন।

## পরিবার পরিকল্পনা কেন্দ্র বা (Il consultorio familiare)

এই কেন্দ্র নারী, শিশু, কিশোর, দম্পতি এবং পরিবারের জন্য বিনামূল্যে মানসিক, সামাজিক এবং শারীরিক চিকিৎসা সেবা করে থাকে। এখানে গাইনী ডাক্তারের (স্ত্রীরোগ বিশেষজ্ঞ) ভিজিট , ক্যান্সার প্রতিরোধের পরীক্ষা, যৌন স্বাস্থ্য, গর্ভধারণ, স্বেচ্ছায় গর্ভপাত , প্রজনন / বন্ধ্যাত্ব, প্রসব পরবর্তী সেবা, শিশুকে বুকের দুধ খাওয়ানোর জন্য প্রয়োজনীয় সহযোগিতা ও টিকা (পেডিয়াট্রিক ভ্যাকসিন) প্রদান, এবং বেনামী প্রসবাবস্থা সম্পর্কে পরামর্শের জন্য যোগাযোগ করা সম্ভব। এছাড়াও প্রয়োজনে, শিশু, কিশোর, নারী ও পরিবারকে সামাজিক ও মানসিক সাপোর্ট দিয়ে সহায়তা করে থাকে এই সার্ভিসটি।

পরিবার পরিকল্পনা কেন্দ্রে প্রবেশের জন্য ডাক্তারী কোন প্রেসক্রিপশনের প্রয়োজন হয় না। এই কেন্দ্রের সার্ভিস গুলি বিনা মূল্যে হয়ে থাকলেও বিশেষ কিছু সার্ভিসের জন্য টিকেট প্রদান করা আবশ্যক হলে তা আপনাকে পরিশোধ করতে হবে।

**স্বেচ্ছায় গর্ভপাত বা L’interruzione volontaria della gravidanza (IVG)**
ইতালিয়ান আইন অনুযায়ী, গর্ভাবস্থার ৯০ দিনের মধ্যে স্বেচ্ছায় গর্ভপাত করা সম্ভব। গর্ভপাত করার সিদ্ধান্ত নিলে,আপনি পরিবার পরিকল্পনা কেন্দ্রে যোগাযোগ করতে পারেন, সেখানে সম্ভাব্য অন্যান্য বিষয় বিবেচনা করে গাইনীর ডাক্তার আপনাকে প্রয়োজনীয় সার্টিফিকেট প্রদান করবে এবং গর্ভপাত সম্পন্ন করার জন্য রেফারেন্সযুক্ত হাসপাতালের ওয়ার্ডের সাথে যোগাযোগের ব্যবস্থা করবে।

## প্রসূতির রক্ষনাবেক্ষন বা

ইতালিতে উপস্থিত প্রত্যেক মহিলারই মাতৃত্ব বা প্রসূতি রক্ষনাবেক্ষনের অধিকার আছে। আপনি প্রেগন্যান্ট (অন্তঃসত্তা) হলে, আপনার ফ্যামিলি ডাক্তার বা কাছের পরিবার পরিকল্পনা কেন্দ্রে যোগাযোগ করতে পারেন। যেখানে আপনি গর্ভাবস্থায় এবং জন্মের পর শিশুর জীবনের প্রথম মাসগুলিতে, একটি সুনির্দিষ্ট প্রোগ্রামের কার্যক্রম অনুসরণ করার সুযোগ এবং তার সুফল লাভ করতে পারেন, যেমন :

১. গর্ভাবস্থায় সেবা সমূহ: ধাত্রীর ভিজিট,আল্ট্রাসনোগ্রাম, চেক-আপ এবং বিভিন্ন পরীক্ষা, প্রসব প্রস্তুতির কোর্স এবং মহিলা কর্মীদের আইনগত পরামর্শ প্রদান ;
২. ডেলিভারিতে সহায়তা: প্রসব বেদনা ও ডেলিভারি চলাকালে সহায়তা, নবজাতকের প্রাথমিক যত্ন এবং বুকের দুধ খাওয়ানোর জন্য শিক্ষায় সহায়তা করা ;
৩. ডেলিভারির পরে সেবা: বিশেষকরে ডেলিভারি বা প্রসবোত্তর ভিজিট।

## টিকা বা Le vaccinazioni

আপনার শিশুর স্বাস্থ্য খুবই গুরুত্বপূর্ণ, এই জন্য শিশুকে, বিভিন্ন সংক্রামক রোগ এবং তাদের জটিলতা থেকে প্রতিরোধ করার সবচেয়ে কার্যকরী উপায় হচ্ছে ভ্যাকসিন বা টিকা। ইতালিতে শিশুর জন্য কিছু টিকা বাধ্যতামূলক, (ডিপথেরিয়া, টিটেনাস, পোলিও, হেপাটাইটিস বি), অন্যান্যগুলি ঐচ্ছিক কিন্তু বাঞ্ছনীয়। এই ব্যাপারে ধারনা এবং বিভিন্ন তথ্যের জন্য শিশুরোগ বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করা উচিত। স্থানীয় পরিবার পরিকল্পনা কেন্দ্রে বা ASL-এ শিশুর টিকা দেওয়া হয়ে থাকে।

দেশে ইতিমধ্যে আপনার শিশুর টিকা দেওয়া শুরু করে থাকলেও সিরিজের বাকী টিকাগুলি, ইতালিতে আপনার স্থানীয় পরিবার পরিকল্পনা কেন্দ্রে দেওয়া সম্ভব। তবে এর জন্য, ইতোমধ্যে যে টিকাগুলি দেওয়া হয়েছে তার একটি সার্টিফিকেট সাথে থাকা জরুরী।

## ঔষধপত্র বা I medicinali

ফ্যামিলি ডাক্তার বা শিশুর ডাক্তার (পেডিয়াট্রিক) কোন ঔষধের প্রেসক্রিপশন লিখে দিলে তা ফার্মাসী থেকে কিনতে হবে।

ইতালিতে ঔষধ বিভিন্ন কেটাগরিতে বিভক্ত, যেমন এর একটি কেটাগরির নাম salva-vita যা বিনামূল্যে অথবা অঞ্চল বিশেষে একটি টিকেট পরিশোধের মাধ্যমে ক্রয় করা যায়; এছাড়া রয়েছে farmaci da banco যা ক্রয় করার জন্য সম্পূর্ণ টাকা পরিশোধ করতে হয় এবং যার জন্য ডাক্তারী কোন প্রেসক্রিপশনের প্রয়োজন হয় না।


রাতে এবং ছুটির দিনগুলিতেও প্রতিটি এলাকায় একটি ফার্মাসী খোলা থাকে: এলাকার কোন্ ফার্মাসীটি রাতে খোলা থাকবে, তা উল্লেখ করে প্রতিটি ফার্মাসীর বাইরে একটি তালিকা দেয়া থাকে।

## বিশেষজ্ঞ ডাক্তারের ভিজিট, ল্যাবরেটরি এবং যান্ত্রিক পরীক্ষা

কোন বিশেষজ্ঞ ডাক্তারের ভিজিট, ল্যাবরেটরি এবং যান্ত্রিক পরীক্ষা করার জন্য কোন এপোয়েন্টমেন্ট নিতে হলে আপনাকে, ফ্যামিলি ডাক্তার বা শিশুর ডাক্তাররের (পেডিয়াট্রিক) লিখিত প্রেসক্রিপশন (রিচেত্তা রোচ্ছা) এবং ম্যাডিকেল কার্ড (সেনিটারী কার্ড) নিয়ে, যে হাসপাতাল বা আম্বুলাতরীয়তে এই ভিজিট করাতে চান, সেখানে যেতে হবে অথবা CUP (Centro unico per le prenotazioni) - টেলিফোন করে, প্রেসক্রিপশন ও সেনিটারী কার্ডের ডাটা প্রদান করে এই এপোয়েন্টমেন্ট নিতে পারেন।

টিকেট মউকুফের অনুমোদনপত্র তথা Esenzione না থাকলে, বিশেষজ্ঞ ডাক্তারের প্রতিটি ভিজিটের জন্য টিকেট পরিশোধ করতে হবে।

**অ্যাপয়েন্টমেন্টের তারিখ মনে রাখবেন !**
কোন কারনে অ্যাপয়েন্টমেন্টের তারিখে ডাক্তারের কাছে যাওয়া সম্ভব না হলে, কম পক্ষে ৪৮ ঘন্টা আগে রিজার্ভেশন বাতিল করা জরুরী।


COGNOME E NOME DELL'ASSISTITO (O INIZIALI OVE PRESCRITTO DALLA LEGGE)
INDIRIZZO (OVE PRESCRITTO DALLA LEGGE)
SERVIZIO SANITARIO NAZIONALE
REGIONE
A 1 2 3 4 5 6
B 1 2 3 4 5 6 7 8 9 0 1
STAMPA PC
CODICE FISCALE
N NON ESENTE
CODICE ESENZIONE
R REDDITO
(Vedi avvertenze sul retro)
FIRMA AUTOCERTIFICANTE
SIGLA PROVINCIA
CODICE ASL
PRESCRIZIONE
(Barrare se non utilizzate)
NOTA CUF
NOTA CUF
S SUGG.
H RICOV.
ALTRO
U B D P
PRIORITÀ DELLA PRESTAZIONE
NUMERO CONFEZIONI / PRESTAZIONI
TIPO DI RICETTA
DATA
TIMBRO E FIRMA DEL MEDICO
CODICE NUMERO
DATA SPEDIZIONE / TIMBRO STRUTTURA EROGANTE
NUMERO PROGRESSIVO
IMPORTI
TICKET
GALEN. DIR. CHIAM. ALTRO
I.P.Z.S. ROMA

## হাসপাতালে ভর্তি

প্রয়োজনে ফ্যামিলি ডাক্তার, একজন বিশেষজ্ঞ ডাক্তার, বা জরুরী পরিস্থিতিতে, ইম্যারজেন্সি বা জরুরী বিভাগের ডাক্তার হাসপাতালে ভর্তির জন্য আবেদন করতে পারেন।

হাসপাতালে ভর্তির ব্যাপারটি বিনা মূল্যে হয়ে থাকে,এর জন্য হাসপাতাল কর্মীকে কোন অর্থ বা জিনিষ প্রতিদান হিসাবে দিতে হয় না।

মেডিক্যাল কর্মীরা অস্ত্রোপচার, এনেসথেসিয়া এবং চিকিত্সার অন্যান্য সম্ভাব্য বিকল্প পদ্ধতি ও এর সাথে জড়িত ঝুঁকি সম্পর্কে আপনাকে অবহিত করবে। অস্ত্রোপচার করার আগে আপনার অনুমতি আছে কি না, এ বিসয়ে জিজ্ঞাসা করা হবে এবং এর জন্য আপনার কাছে অবগতমূলক লিখিত অনুমোদন চাওয়া হবে।

## অ্যাম্বুলেন্স ডাকার জন্য নাম্বার ১১৮ (Il numero 118)

বিনামূল্যের এই পাবলিক সার্ভিসটি, সারা দেশ ব্যাপী দিনের ২৪ ঘন্টাই জরুরী চিকিৎসা কাজে সক্রিয়। শুধুমাত্র জরুরি পরিস্থিতিতে, তাৎক্ষনিক চিকিত্সার প্রয়োজন হলে এই নাম্বারে (১১৮) টেলিফোন করা উচিৎ। ১১৮তে কর্মরত অপারেটরগন ব্যাক্তির অবস্থার তীব্রতার উপর নির্ভর করে, কোন অ্যাম্বুলেন্সের দ্বারা রোগীকে তার চিকিৎসার জন্য যে হাসপাতাল সবচেয়ে উপযুক্ত সেখানে পরিবহন করে থাকে।

১১৮ নাম্বারে টেলিফোন করলে আপনাকে মনে রাখতে হবে যে :

- ইতালিয়ান ভাষায় শান্তভাবে অপারেটরর প্রশ্নের উত্তর দিতে হবে এবং যতক্ষন পর্যন্ত লাইনে থাকার অনুরোধ করা হয় ততক্ষণ পর্যন্ত লাইনে থাকতে হবে।
- আপনার ফোন নম্বর দিতে হবে।
- কি ঘটেছে তা ব্যাখ্যা করা এবং যে ঠিকানায় অ্যাম্বুলেন্স পাঠাতে হবে তা উল্লেখ করতে হবে।

## ইম্যারজেন্সি বিভাগ বা (Il pronto soccorso)

আশঙ্কাজনক (দুর্ঘটনা, আঘাত, জীবনের জন্য বিপদজনক এমন) কিছু হয়ে থাকলে, ব্যাক্তি তার প্রাথমিক চিকিত্সার জন্য কাছের হাসপাতালের ইম্যারজেন্সি বিভাগে নিজ ইচ্ছায় অথবা ১১৮ সার্ভিসের মাধ্যমে যেতে পারে। এই বিভাগে চিকিৎসার জন্য ভিজিট ও তার সময় সীমার ব্যাপারটি নির্ভর করে, রোগীর অবস্থা এবং বিভাগীয় ডাক্তারের রিপোর্টের উপর, আগে আসার ভিত্তিতে না। এই কারনে ইম্যারজেন্সিতে আসার পর এই বিভাগের চিকিৎসা কর্মীরা, অবিলম্বে রুগীর চিকিৎসা পাওয়ার ব্যাপারটি নিশ্চিত করার জন্য, তাকে একটি রঙ্গিন কোড দিয়ে নির্ধারণ করে থাকে। যেখানে গুরুতর রোগীর চিকিৎসার অগ্রাধিকার দেওয়া হয়।

শুধুমাত্র, জরুরী অবস্থায় তথা অন্য কোনভাবে চিকিত্সা করা যাবে না এমন হলে, ইম্যারজেন্সিতে যোগাযোগ করবেন। গুরুত্বপূর্ণ কিন্তু জরুরী না, এমন সব অন্যান্য প্রয়োজনে আপনি আপনার ফ্যামিলি ডাক্তারের মাধ্যমে প্রয়োজনীয় বিশেষজ্ঞ ডাক্তারের ভিজিট করাতে পারেন।

মনে রাখবেন, জরুরী না এমন কোন চিকিত্সার জন্য ইম্যারজেন্সিতে গেলে আপনাকে একটি সাদা কোড দেওয়া হবে। এই সাদা কোডের অর্থ হচ্ছে যে, যে সকল রুগীর অবস্থা বেশী গুরুতর সে সকল রোগীর ভিজিটের পরে আপনার ভিজিট করা হবে এবং অনেক ক্ষেত্রে এর জন্য আপনাকে টিকেট চার্জ পরিশোধ করতে হতে পারে।

# নোট

## নোট

প্রকল্পটি পররাষ্ট্র মন্ত্রণালয় এবং ইতালিয়ান আন্তর্জাতিক কোঅপারেশন এর সহযোগিতায় সম্পন্ন হয়েছে

মুদ্রিত: অক্টোবর ২০১৪